



UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)

Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.

Email. updfcht@yahoo.com Website: www.updfcht.com

Ref:

Date: ২৫ ডিসেম্বর ২০১৪

প্রেস বিজ্ঞপ্তি

২৬ ডিসেম্বর ইউপিডিএফ'এর ১৬তম প্রতিষ্ঠাবার্ষিকী

আগামী ২৬ ডিসেম্বর ২০১৪ পার্বত্য চট্টগ্রামের আঞ্চলিক রাজনৈতিক দল ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট(ইউপিডিএফ)-এর ১৬তম প্রতিষ্ঠাবার্ষিকী। এ উপলক্ষে খাগড়াছড়ি সহ বিভিন্ন স্থানে নানা কর্মসূচি গ্রহণ করা হয়েছে।

কর্মসূচির মধ্যে রয়েছে সকালে পতাকা উত্তোলন ও অস্থায়ী শহীদ স্মৃতিস্তম্ভে পুষ্পস্তবক অর্পণ, অফিস সমূহে বিপ্লবী সঙ্গীত বাজানো ও বিভিন্ন দৃষ্টিগ্রাহ্য স্থানে ব্যানার ফেস্টুন টাঙানো ইত্যাদি। তবে সাম্প্রতিক সময়ে বগাছড়িতে পাহাড়ি গ্রামে হামলায় জানমালের প্রভূত ক্ষয়ক্ষতিসহ কাণ্ডাইয়ে স্কুলছাত্রী ধর্ষণ-খুনের ঘটনাবলীর পরিপ্রেক্ষিতে এবারে প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষে বড় আকারে কোন গণজমায়েত, বণার্চ্য শোভাযাত্রা (র্যালি) অনুষ্ঠিত হবে না।

প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষে খাগড়াছড়ি জেলা সদরের নারাঙহিয়া মাঠে শুক্রবার (২৬ ডিসেম্বর) সকাল সাড়ে ৮টায় আনুষ্ঠানিকভাবে দলীয় পতাকা উত্তোলন এবং অস্থায়ী শহীদ স্মৃতিস্তম্ভে পুষ্পমাল্য অর্পণ করা হবে। এছাড়া রাঙামাটি-খাগড়াছড়ির বিভিন্ন জায়গায় এবং ঢাকা, চট্টগ্রামেও প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে কর্মসূচি পালিত হবে।

১৬তম প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষে ইউপিডিএফ-এর সভাপতি প্রসিত খীসা সংবাদ মাধ্যমে প্রেরিত এক বার্তায় দলের নেতা-কর্মী-সমর্থক-শুভানুধ্যায়ী সহ পার্বত্যবাসীকে সংগ্রামী অভিবাদন জানিয়েছেন। প্রতিষ্ঠা বার্ষিকীতে দেয়া এ বার্তায় তিনি সকল ধরনের নিপীড়ন নির্যাতনের বিরুদ্ধে ঐক্যবদ্ধ হয়ে লড়াই সংগ্রাম জোরদার করার আহ্বান জানিয়েছেন। জনগণের ঐক্য সংহতিতে ফাটল ধরিয়ে দমন-পীড়ন জারি রাখার শাসকচক্রের ষড়যন্ত্র ও কূটকৌশলের বিরুদ্ধেও তিনি সতর্ক বাণী উচ্চারণ করেছেন।

উল্লেখ্য, ১৯৯৮ সালের ২৬ ডিসেম্বর ঢাকায় এক পার্টি প্রস্তুতি সম্মেলনের মধ্য দিয়ে ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট(ইউপিডিএফ) গঠিত হয়। গঠনের পরপরই এ দলের ওপর সরকারের নির্যাতনের সিস্টম রোলার নেমে আসে। এই ১৬ বছরে ইউপিডিএফ'এর বহু নেতা-কর্মী জেল জুলুম সহ নির্মম নির্যাতনের শিকার ও আড়াই শতাধিক নেতা-কর্মী-সমর্থক শহীদ হয়েছেন। সকল নিপীড়ন-নির্যাতন ও বাধা-বিপত্তি উপেক্ষা করে ইউপিডিএফ পার্বত্য চট্টগ্রামের জনগণের ন্যায্য অধিকার পূর্ণস্বায়ত্তশাসন প্রতিষ্ঠার লড়াইয়ের পাশাপাশি সমতলের সংখ্যালঘু জাতি তথা দেশের আপামর জনগণের ভাগ্য পরিবর্তনের লড়াইয়ে নিয়োজিত রয়েছে।

বার্তা প্রেরক

নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউপিডিএফ।